দৈনিক খবর

তারিখ 09 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

29

# উপাচার্যদের সমস্যা সমাধানে প্রধানমন্ত্রীর আশ্বাস

বাসস জানায়, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল বৃহস্পতিবার তাঁর কার্যালয়ে বিশ্ববিদ্যালয় পরিষদের সদস্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সাথে

৭–এর পাতায় দেখুন

## উপাচার্যদের

প্রথম পৃষ্ঠার পর

অবাধ ও খোলাখুলি আলোচনাকালে বিশ্ববিদ্যালয় ছাত্রদের আবাসিক সমস্যা, শিক্ষকদের স্কলারশীপ এবং ছাত্র বৃত্তি ১শ' টাকা থেকে দু'শ টাকায় উন্নীত করার বিষয়ে মতামত বিনিময় করেন।

উপাচাযগণ মর্যাদাক্রম অনুসারে তাদের মর্যাদাগত অবস্থান এবং বিদেশে সফরকালে উদ্ভূত সরকারী জটিলতা সংক্রান্ত পেশাগত অসুবিধাসমূহের কথাও উল্লেখকরেন।

প্রধানমন্ত্রী আশ্বাস দিয়ে বলেন যে, তাদের সমস্যাবলীর সমাধানের জন্য সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, শিক্ষকদের বিদেশ সফরের জন্য অনুমতি গ্রহণের যে সরকারী পদ্ধতি রয়েছে তা সহজতর করা হবে। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য একটি পিএইচডি স্কলারশীপ প্রবর্তন করা হবে বলেও তিনি আশ্বাস দেন।

বিশ্ববিদ্যালয় পরিষদ সদস্যরা বিশ্ববিদ্যালয়সমূহের বিরাজমান সমস্যাদির দ্রুত ও কার্যকর সমাধানের লক্ষ্যে নিয়মিত বিরতি অনুযায়ী প্রধানমন্ত্রীর সাথে তাদের মতবিনিময়ের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

পরিষদের সভাপতি খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গোলাম রহমানের নেতৃত্বে আগত পরিষদের অন্যান্য সদস্যদের মধ্যে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর কাজী সালেহ আহমদ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম হামিদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম আনিসুর রহমান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সদরুদ্দিন আহমদ, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আশরাফ আলী খান, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম শাহজাহান এবং পরিষদের সম্পাদক জনাব আহমদ কবির প্রমুখ।